

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

### **MRT Line-5: Northern Route**

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। বেসিক ডিজাইন ও ডিটেইলড ডিজাইন এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভের কাজ সমাপ্ত হয়েছে। হেমায়েতপুর ডিপোর ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

#### **প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

**Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route** মোট ১০টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- CP-01 (হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন): ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে গত ২৩ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক বর্তমানে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন কাজ চলমান। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত অগ্রগতি ৭১.৬৯%।
- CP-02 (হেমায়েতপুর ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ): গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহ্বান করতঃ গত ০৯ এপ্রিল ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ১৬ অক্টোবর ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে। ৩০ অক্টোবর ২০২৫ তারিখ আর্থিক দরপত্র প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে।
- CP-03 (হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮ আগস্ট ২০২৪ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। উক্ত দরপত্রের কারিগরি মূল্যায়ন এবং আর্থিক প্রতিবেদনের উপর জাইকা যথাক্রমে গত ২৯ ডিসেম্বর ২০২৪ ও ২২ এপ্রিল ২০২৫ তারিখ সম্মতি প্রদান করেছে। পরবর্তীতে সর্বনিম্ন দরদাতার সহিত ০৪ মে ২০২৫ তারিখ হতে ১৪ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত Negotiation সম্পন্ন হয়। পরবর্তীতে Negotiation Meeting Minutes-এ গত ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখ জাইকা কর্তৃক অনাপত্তি পাওয়া গিয়েছে। তদপ্রেক্ষিতে গত ০৮ অক্টোবর ২০২৫ তারিখ উক্ত প্যাকেজের প্রস্তাব অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল মহোদয়ের নিকট প্রেরণ করা হয়েছে।
- CP-04 (আমিনবাজার ট্রানজিশন হতে মিরপুর ১ পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০৫ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়। এরই প্রেক্ষিতে গত ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে গত ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে। আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ দাখিলকৃত দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।
- CP-05 (মিরপুর ১ স্টেশনের পূর্ব হতে কচুক্ষেত পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ১৪ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। গত ২৭ মার্চ ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে ০৮ এপ্রিল ২০২৫ তারিখে দরপত্র

আহবান করা হয়েছে। পরবর্তীতে ২৭ আগস্ট ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে জাইকা গত ২৪ নভেম্বর ২০২৫ তারিখ সম্মতি প্রদান করেছে। এছাড়াও গত ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে।

- CP-06 (কচুক্ষেত স্টেশনের পূর্ব হতে ভাটারা ট্রানজিশন পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ০৪ জুন ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে এবং ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃকও অনুমোদিত হয়েছে। আর্থিক মূল্যায়ন প্রতিবেদন গত ০৩ আগস্ট ২০২৫ তারিখ জাইকার সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী দরপত্রসমূহ বাতিল করার বিষয়ে জাইকার সম্মতির জন্য পুনরায় গত ২৯ অক্টোবর ২০২৫ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে।
- CP-07 (রেলওয়ে ই এন্ড এম সিস্টেম এর ডিটেইলড ডিজাইন, উৎপাদন ও স্থাপন [সিগন্যালিং, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিফিকেশন, পিএসডি ও ইআরএমএসসহ]): দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ০৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের জাইকার পর্যবেক্ষণের প্রেক্ষিতে ০৬ নভেম্বর ২০২৫ তারিখ জবাব প্রেরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে গত ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ জাইকা দরপত্র দলিলে সম্মতি প্রদান করেছে। বর্তমানে দরপত্র আহবানের প্রক্রিয়া চলমান রয়েছে।
- CP-08 (রোলিং স্টক ও ডিপোতে রোলিং স্টকের ইকুইপমেন্ট ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ১১ জুলাই ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০২ জুন ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-09 (ডিপো ও মেইন লাইনের ট্রাক ওয়ার্ক নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২১ নভেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করা হয়েছে এবং ০৬ মার্চ ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ২৭ আগস্ট ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে। গত ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। পরবর্তীতে আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ২৬ নভেম্বর ২০২৫ তারিখ জাইকায় প্রেরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে জাইকা গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখ উক্ত প্রতিবেদনের বিষয়ে পর্যবেক্ষণ প্রেরণ করেছে।
- CP-10 (অটোমেটিক ফেয়ার কালেকশন [এএফসি] সিস্টেমের ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ০৯ অক্টোবর ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ এপ্রিল ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।

হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত মেইন লাইন ও স্টেশনসমূহের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি/আধাসরকারি সংস্থা হতে এমআরটি স্টেশনের Entry/Exit এর জন্য জমি হস্তান্তর প্রক্রিয়াধীন।